

দৈনিক স্ববাক

তারিখ
পৃষ্ঠা ৬ কলাম ৬

১০ ৩৯৫

কৃষি বিশ্ব বিদ্যালয়ে দু'দিন ব্যাপী শিক্ষা সমাপনী উৎসবের আয়োজন

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ) : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ১৯৯৪-৯৫ সেশনের ছাত্রছাত্রীদের শিক্ষা সমাপনী উৎসব-২০০২ ১৭ থেকে ১৮ সেপ্টেম্বর দু'দিনব্যাপী অনুষ্ঠিত হবে। মো. জাহিদুল ইসলাম চঞ্চলকে শিক্ষা সমাপনী উৎসব বাস্তবায়ন কমিটির আহ্বায়ক এবং মো. আমিনুর রহমান আমিনকে সদস্য সচিব করে কমিটি কাজ শুরু করেছে বলে, ছাত্রবিষয়ক উপদেষ্টা এবং শিক্ষা সমাপনী উৎসব উপদেষ্টা কমিটির সভাপতি প্রফেসর ড. মো. আমিরুল ইসলাম জানিয়েছেন।

১৯৯৪-৯৫ সেশনের ছাত্রছাত্রীদের শিক্ষা সমাপনী উৎসব-২০০০-এ যোগদানের জন্য যথাযথ ফি জমা দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্রবিষয়ক বিভাগ অথবা শিক্ষা সমাপনী উৎসব ২০০২ কমিটির অর্থ সচিব শমিউর রহমান, ৪০৫ শহীদ নাজমুল আহসান হল, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহের কাছে ডাকযোগে অথবা ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার জন্য কমিটির পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে। চাকরিজীবীদের জন্য ৩শ' টাকা এবং উক্ত সেশনের ছাত্রছাত্রীদের জন্য ২শ' টাকা রেজিস্ট্রেশন ফি ধার্য করা হয়েছে। অগ্রহী ছাত্রছাত্রীদের ১৩ সেপ্টেম্বরের মধ্যে নাম রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা হচ্ছে।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের চূড়ান্তপর্বের শিক্ষা সমাপ্তির পর বিদায়ী ছাত্রছাত্রীরা র্যাগ ডের পরিবর্তে 'শিক্ষা সমাপনী উৎসব' পালন করে থাকে।